ইত্তেফাক

তারিখ ...25.7.80...
পৃষ্ঠা... 3 ... কলাম 2 ...

79

# শিক্ষা প্রতিষ্ঠানগুলি জরিপ করা হইবে

—প্রধানমন্ত্রী

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান বলেন যে, একটি পরিকল্পিত ব্যবস্থার অধীনে আনার উদ্দেশ্যে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলি জরিপ করা হইবে। প্রধানমন্ত্রী গত বুধবার ঢাকায় অফিসার্স ক্লাবে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক ইফতার পার্টিতে প্রধান অতিথির ভাষণে আরও বলেন, যে সব শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় শর্ত পূরণে ব্যর্থ হইবে সেগুলি বন্ধ করিয়া দেওয়া হইবে। শাহ আজিজ বলেন, দেশে অপরিকল্পিত শিক্ষা ব্যবস্থা চলিতে দেওয়া যায় না। তিনি বেসরকারী শিক্ষকদের জন্য চাকুরীর শর্তবিধি প্রণয়নের কথা উল্লেখ করিয়া বলেন যে, ইহার পর কোন শিক্ষককে একতরফাভাবে চাকুরি হইতে অপসারণ করা যাইবে না। শিক্ষকদের বেতন প্রসঙ্গে তিনি বলেন, বেসরকারী শিক্ষা-প্রতিষ্ঠানের শুধু অভিজ্ঞ শিক্ষকরা সরকারী শিক্ষকদের মত সমান সুযোগ-সুবিধা পাইবেন।

ইফতার পার্টিতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জাতীয় লীগ প্রধান জনাব আতাউর রহমান খান, আইডিএল-এর মাওলানা আবদুর রহিম এবং জাসদ-এর জনাব শাহজাহান সিরাজ।